ফ্যাক্স বার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫১.০২০.১৫.৩২২

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপন-২০২৩ উপলক্ষে সতর্কতার সাথে দায়িত্ব পালন প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে অধিকতর সতর্কতার সাথে জননিরাপত্তার দায়িত্ব পালনের নিমিত্তে ব্যাটালিয়ন সদর ও বিভিন্ন ক্যাম্পে নিয়োজিত ব্যাটালিয়ন আনসার/অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী জারি করা হলোঃ

১.০ **সাধারণঃ** সারা বাংলাদেশের যে কোন স্থানে জননিরাপত্তা ও শান্তি-শৃঙ্খলা বজায় রাখার দায়িত্বে মোতায়েন হলে ব্যাটালিয়ন আনসার সদস্যগণ বাহিনীর কমান্ড কাঠামোর আওতাধীনে ব্যাটালিয়নের কোম্পানী কমান্ডারগণের সরাসরি নিয়মিত তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন। এ বিষয়টি সংশ্লিষ্ট ব্যাটালিয়ন অধিনায়ক নিশ্চিত করবেন।

১.১ **ডিউটিকালীন পালনীয় নির্দেশনাঃ**

ক) দেশের সর্বত্র বিশেষ করে রাজধানীসহ বিভাগীয় ও জেলা শহরগুলোতে অধীনস্থ বিভিন্ন ক্যাম্পে মোতায়েনকৃত ব্যাটালিয়ন ও অঙ্গীভূত আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা জারি ও প্রতিপালন নিশ্চিত করতে হবে।

খ) ব্যাটালিয়ন সদরসহ সকল ক্যাম্পে কর্তব্যরত প্রহরী সর্বদা সতর্ক থাকবে। ঝুঁকিপূর্ণ বিবেচিত এলাকায়/ক্যাম্পে অতিরিক্ত প্রহরী নিয়োগ করতে হবে।

গ) দায়িত্বপালনকালে নিজস্ব নিরাপত্তা এবং অস্ত্র ও গোলাবারুদের সর্বোচ্চ নিরাপত্তা বিধান এবং ডিউটিরত অবস্থায় অস্ত্রের নিরাপত্তা চেইন ব্যবহার নিশ্চিত করতে হবে।

ঘ) দায়িত্বপূর্ণ এলাকার নিরাপত্তা জোরদার করতে হবে এবং অপরিচিত লোকের অনুপ্রবেশ বন্ধ করতে হবে।

ঙ) নিরাপত্তার ঝুঁকি বিবেচিত হলে যেকোন ধরণের হ্যান্ড ব্যাগ যাচাই করে দেখার ক্ষেত্রে নিজে নিরাপদ দূরত্বে অবস্থান করে বাহক দ্বারা তা প্রাথমিকভাবে সম্পন্ন করতে হবে। রাতের বেলায় প্রতিটি পোস্টে ডাবল সেন্ট্রি রাখতে হবে এবং আগন্তুককে নিরাপদ দূরত্ব থেকে চ্যালেঞ্জ করতে হবে।

চ) পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজে যে কোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা রোধকল্পে অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে।

ছ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ব্যক্তি মালিকানাধীন, ব্যাংক, শপিংমলসহ বিভিন্ন কেপিআই/সংস্থায় মোতায়েনকৃত অঙ্গীভূত আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে।

জ) পার্বত্য অঞ্চলে অধিক সতর্কতার সহিত দায়িত্ব পালন করতে হবে। বিশেষ করে এসআরপি/এলআরপি গমনকালে নিজের নিরাপত্তা রক্ষার জন্য (১০ হতে ১২ গজ পর্যন্ত) নিরাপদ দুরত্ব বজায় রাখতে হবে। জোট বেধে চলতে হবে, একা একা কোথাও গমন করা যাবে না।

ঝ) মোতায়েনকৃত সদস্যদের করোনা যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণের মাধ্যমে দায়িত্ব পালন কার্যক্রম নিশ্চিত করতে হবে।

ঞ) যে কোন অনাকাঙ্খিত পরিস্থিতি উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে।

ট) ছুটিতে যাওয়ার সময় নিজস্ব নিরাপত্তা (ভালো গাড়ীতে ভ্রমণ, রাতের বেলায় ভ্রমণ পরিহার, অপরিচিতি লোক/স্থান হতে খাবার না খাওয়া) বজায় রাখতে হবে।

ঠ) অধিক পরিমাণ নগদ টাকা বহন না করা।

ড) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের অনুরোধের প্রেক্ষিতে মোবাইল কোর্টের এনফোর্সমেন্ট কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং নিরাপত্তা সংক্রান্ত ইতিপূর্বে জারিকৃত সকল নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২.০ **ইউনিট কমান্ডারদের জন্যঃ**

২.১ **আদেশ জারিঃ** সকল রেঞ্জ উপমহাপরিচালক/পরিচালক/জেলা কমান্ড্যান্ট/ব্যাটালিয়ন পরিচালকগণ উক্ত বিষয়ে সুনির্দিষ্ট আদেশ জারি করবেন এবং তাদের দায়িত্বপূর্ণ এলাকার সাথে সামঞ্জস্য রেখে জারিকৃত নির্দেশাবলী পালনে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

২.২ **ঘটনা/দুর্ঘটনা সংক্রান্তঃ** অস্বাভাবিক ঘটনা/দুর্ঘটনার রিপোর্ট তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট ব্যাটালিয়ন পরিচালকগণ রেঞ্জ কার্যালয়ে প্রেরণ করবেন। কোন ঘটনা/দূর্ঘটনার রিপোর্ট প্রাপ্তির সাথে সাথে সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তা তা সদর দপ্তর নিয়ন্ত্রণ কক্ষে প্রেরণ নিশ্চিত করবেন।

২.৩ **অস্ত্রাগার সুরক্ষা ও নিরাপত্তাঃ** প্রত্যেক ব্যাটালিয়ন, কোম্পানী এবং সেকশন পর্যায়ে অস্ত্রাগার/কোত এর সুরক্ষা ও সার্বক্ষণিক সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

৩.০ সকল আনসার ব্যাটালিয়ন যাতে উল্লিখিত আদেশসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করে তা নিশ্চিত করার কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

১২/০৪/২৩
কানিজ ফারজানা শান্তা
বিএভি ১২০১৫৯
উপপরিচালক (অপারেশনস্)
মোবাইল নং-০১৭৩০০৩৮০২৭।

কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
উপমহাপরিচালক (সংশ্লিষ্ট রেঞ্জ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,......................রেঞ্জ.........................।
পরিচালক (সকল রেঞ্জ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,......................রেঞ্জ.........................।
পরিচালক, ঢাকা মহানগর আনসার,..................................................।
পরিচালক/অধিনায়ক (সকল)
...........আনসার ব্যাটালিয়ন,......................................................।
পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা, ঢাকা।
জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,..............................।
জোন অধিনায়ক, মহানগর আনসার,..............................................।
অধিনায়ক, ভিটিসি
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কলাকোপা, ঢাকা/গাজীপুর।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫১.০২০.১৫.৩২২

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত/রাজনৈতিক ও আইসিটি)
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫। উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিজি]
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। উপপরিচালক (মনিটরিং)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — অবগতির জন্য।
৭। অফিস/মাস্টার কপি।

১২/০৪/২৩
উপপরিচালক (অপারেশনস্)

E:\EID (Eid ul Azha & Eid Ul Fitre)\Ramjan Sotorkota-18 doc Parvez

CamScanner